

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপক  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-মহাপরিচালকের কার্যালয়  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
ঢাকা রেঞ্জ, ঢাকা  
ansarvdp.dhakadiv.gov.bd

স্মারক নং-৪৪.০৩.৩০২৬.০০১.০০.০০০.২২- ৩৫৮৮

তারিখ : ১৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ।  
০৪ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, স্মারক নং- ৪৪. ০৩. ০০০০. ০৬৪. ১০. ০৩৪. ০৪- ১৮৫ তারিখ- ১৯/ ১০/ ২০২২ খ্রিঃ মোতাবেক আগামী ০৫/ ০১/ ২০২২ খ্রিঃ বৃহঃপতিবার, ভিডিপি প্রতিষ্ঠা বার্ষিকী এবং ৪৩ তম জাতীয় সমাবেশের উদ্বোধনী অনুষ্ঠানে ঐতিহ্যবাহী দৃষ্টিনন্দন, মানসম্মত হস্ত ও কুটির শিল্প সামগ্রী বিগত বছরের চেয়ে আরও বেশি দৃষ্টিনন্দন ও ব্যতিক্রমী নতুন নতুন সামগ্রী প্রদর্শনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সে পরিপ্রেক্ষিতে রেঞ্জাধীন জেলা সমূহ হতে বিভিন্ন ধরনের নান্দনিক ও সুস্বাদু পিঠা এবং ঐতিহ্যবাহী হস্ত ও কুটির শিল্প সামগ্রী প্রদর্শনীর/ উপস্থাপনের লক্ষ্যে আগামী ০৪/ ০১/ ২০২৩ খ্রিঃ তারিখ অপরাহ্নে রেঞ্জাধীন জেলাসমূহ হতে পিঠা ও উপযুক্ত প্রতিনিধি ও বিক্রয় কর্মী আনসার ও ভিডিপি একাডেমীতে প্রেরণ এবং সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার নিমিত্তে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলো।

জনাব মোঃ রফিকুল ইসলাম, পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা রেঞ্জ, ঢাকা প্রধান সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করবেন। কুটির শিল্প পণ্য এবং ঐতিহ্যবাহী পিঠা প্রদর্শনীর সার্বিক বিষয়ে জেলা কমান্ড্যান্টগণ এবং এতদসংশ্লিষ্ট কমিটি প্রধান সমন্বয়কারী এর সাথে সমন্বয়ের মাধ্যমে সার্বিক কার্যক্রম পরিচালনা করবেনঃ-

- ১। মোঃ আলমগীর শিকদার - সভাপতি  
জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,  
ঢাকা।
- ২। জনাব আমমার হোসেন -সদস্য  
উপ- পরিচালক  
১৭ আনসার ব্যাটালিয়ন, নবাবগঞ্জ, ঢাকা।  
অতিরিক্ত দায়িত্ব: পশ্চিম জোন, ঢাকা মহানগর আনসার।
- ৩। মোঃ আশরাফুল ইসলাম -সদস্য  
জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,  
গাজীপুর।
- ৪। জনাব আরিফ- বিন জলিল - সদস্য  
উপ- পরিচালক  
৩৮ আনসার ব্যাটালিয়ন, মানিকগঞ্জ।  
অতিরিক্ত দায়িত্ব: উত্তর জোন, ঢাকা মহানগর আনসার।
- ৫। তামিমা সুলতানা -সদস্য  
জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,  
মুন্সিগঞ্জ।

করণীয় সমূহঃ


১। কমিটি আনসার ও ভিডিপি একাডেমির নির্ধারিত স্থানে ঢাকা রেঞ্জের জন্য বরাদ্দকৃত স্থানে পিঠা ও কুটির শিল্পপণ্য প্রদর্শনীর ক্ষেত্রে সম্ভাব্য ও প্রযোজ্য ব্যয় প্রাক্কলনসহ সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়ন করে রেঞ্জের দপ্তরকে অবহিত করবেন এবং প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করবেন। প্রদর্শনীর নির্ধারিত স্থানে দৃষ্টিনন্দন ও মানসম্পন্ন স্টল স্থাপনের কাজ আগামী ০৪/ ০১/ ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করবেন।

২। ঢাকা রেঞ্জের বিভিন্ন জেলার ঐতিহ্যবাহী হস্ত ও কুটির শিল্প এবং ঐতিহ্যবাহী পিঠা সামগ্রী সম্পর্কে জেলা কমান্ড্যান্টগণের সাথে প্রয়োজনীয় সমন্বয় রক্ষা করে উক্ত অনুষ্ঠানে প্রযোজ্য সামগ্রীর উপস্থাপন নিশ্চিত করবেন।

৩। কুটির শিল্প পণ্য প্রদর্শনী এবং পিঠা প্রদর্শনীস্থলে সূত্রপত্র মোতাবেক ২ জন প্রতিনিধি এবং প্রয়োজনীয় ন্যূনতম সংখ্যক জনবল নির্ধারণ এবং নির্ধারিত সময়ে প্রযোজ্য উপযুক্ত পোশাকে উপস্থিত নিশ্চিত করবেন।

৪। ঢাকা রেঞ্জের সকল জেলা কমান্ড্যান্ট স্ব স্ব জেলার ঐতিহ্যবাহী পিঠা এবং কুটির শিল্পপণ্য নির্বাচন ও প্রেরণের বিষয়টি সর্বাধিক গুরুত্বসহকারে বিবেচনা করবেন এবং কমিটির সর্বাঙ্গিক সহযোগিতা করবেন। পিঠা তৈরীর জন্য ব্যক্তি বিশেষকে প্রেরণের প্রয়োজন হলে তা কমিটির সাথে সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন করবেন।

৫। কমিটির বহির্ভূত ঢাকা রেঞ্জাধীন সকল কর্মকর্তাগণকে উল্লিখিত কার্যক্রমে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।




ফাতেমা সুলতানা  
বিএভি নং- ১২০০২৩  
উপ-মহাপরিচালক  
দূরলাপনী: ০২-৫৫০৪৬৪৭৭  
ই-মেইল-[dhakarange01@gmail.com](mailto:dhakarange01@gmail.com)

স্মারক নং-৪৪.০৩.৩০২৬.০০১.০০.০০০.২২- ৩৫৮৮

তারিখ : ১৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ।  
০৪ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ।

অনুলিপিঃ

- ১। কমান্ড্যান্ট,  
আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। - সদয় অবগতির জন্য।
- ২। উপ-মহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশন)  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। -ঐ
- ৩। পরিচালক . . . . .  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা . . . . . । -ঐ
- ৪। পরিচালক  
ঢাকা মহানগর আনসার, তেজগাঁও, ঢাকা। - অবগতির জন্য।
- ৫। জেলা কমান্ড্যান্ট  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,  
. . . . . । -অবগতি ও কার্যক্রমের জন্য।
- ৬। জোন অধিনায়ক/ ওআইসি  
পূর্ব/ পশ্চিম/ উত্তর/ দক্ষিণ/ ডিএমপ জোন  
ঢাকা মহানগর আনসার, ঢাকা। -ঐ
- ৭। জনাব-----  
-----, প্রধান সমন্বয়কারী/ সভাপতি/সদস্য/সদস্য সচিব, কমিটি। -ঐ
- ৮। . . . . . শাখা,  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। - অবগতির জন্য।
- ৯। অফিস কপি।

  
উপ-মহাপরিচালক